# রাজধানীর সূত্রাপুর এলাকায় যাত্রীবাহী বাসে আগুন



সংগৃহীত ছবি

রাজধানীর সূত্রাপুরে একটি যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১১ নভেম্বর) সন্ধ্যার দিকে ফায়ার সার্ভিস সদর দফতরের গেটের সামনে হঠাৎ আগুন ধরে যায় বাসটিতে।

ঘটনার খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে কেউ হতাহত হয়নি, তবে এলাকাজুড়ে মুহূর্তেই আতঙ্ক ছড়িয়ে পড়ে।

এর আগে, সোমবার গভীর রাতে রাজধানীর বিভিন্ন স্থানে একাধিক বাসে দুর্বৃত্তরা আগুন দেয়। এর মধ্যে রাইদা পরিবহনের দুটি, রাজধানী পরিবহনের একটি এবং একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

এছাড়া একই রাতে, প্রায় রাত ১১টার দিকে বাংলামোটরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কার্যালয়ের সামনে দুটি ককটেল বিস্ফোরণ ঘটে। এতে চারজন আহত হন। ঘটনাস্থলে উপস্থিত দলীয় নেতাকর্মীরা দুইজন সন্দেহভাজনকে আটক করে পুলিশের হাতে তুলে দেন।

LENS ASIA